**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**18 SEPTEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

(১) এক দেশ, এক নির্বাচন প্রস্তাবে কেন্দ্রীয় ক্যাবিনেটের অনুমোদন/

(২) আগামীকাল রাজ্যে অরুণোদয় প্রকল্পের তৃতীয় পর্যায় এবং অতিরিক্ত রেশন কার্ড প্রদান ব্যবস্থা আরম্ভ/করিমগঞ্জে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার ভার্চুয়াল ব্যবস্থার মাধ্যমে এই প্রকল্পের সূচনা/

(৩) আগামী পয়লা ডিসেম্বর সি-টেট অনুষ্ঠিত হবে বলে কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদের ঘোষণা/

এবং

(৪) বরাক উপত্যকার তিন জেলার পঞ্চায়েত এলাকা পুর্ননির্ধারণ সংক্রান্ত খসড়া প্রকাশ/

---

কেন্দ্রীয় মন্ত্রীসভা আজ এক দেশ এক নির্বাচনের প্রস্তাবে অনুমোদন জানিয়েছে । প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দের নেতৃত্বে গঠিত কমিটি দেশের সাধারণ নির্বাচনের সমান্তরালভাবে রাজ্যগুলিতে ও একই সময়ে নির্বাচন অনুষ্ঠিত করার প্রস্তাব দাখিল করেছিল । কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ একথা জানিয়ে বলেন যে

রামনাথ কোবিন্দর নেতৃত্বে গঠন করা কমিটি নির্বাচনের সংগে জড়িত সব পক্ষ তথা রাজনৈতিক দল ও বিশেষজ্ঞের সংগে মত বিনিময় করে প্রস্তাব দাখিল করেছিল । কেন্দ্রীয় মন্ত্রী বলেন যে এক দেশ এক নির্বাচনের প্রস্তাব দুটি পর্যায়ে কার্যকর করা হবে । প্রথম পর্যায়ে লোকসভা ও বিধানসভা নির্বাচন এক সংগে আয়োজন করা হবে । নির্বাচনের১০০ দিন পর দ্বিতীয় পর্যায়ে গ্রাম পঞ্চায়েত , পৌর নিগম ইত্যাদি স্থানীয় সংস্থাগুলির নির্বাচন অনুষ্ঠিত হবে ।

-------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন আজ নতুনদিল্লীতে এন পি এস বাৎসল্য প্রকল্পের সূচনা করেন । নতুনদিল্লীর বিজ্ঞান ভবনে আয়োজিত অনুষ্ঠানে কেন্দ্রীয় মন্ত্রী প্রকল্পটির প্রচার পত্রিকা প্রকাশ করা সহ নতুন নাবালক গ্রাহকদের স্থায়ী অবসর একাউন্ট নম্বর প্রাণ কার্ড বিতরণ করেন । এই প্রকল্পের মাধ্যমে শিশু গ্রাহকদের প্রাণ নম্বরের মাধ্যমে এন পি এস বাৎসল্যে অর্ন্তভুক্ত করা হবে । নতুনদিল্লীতে আয়োজিত এই কার্যসূচীর সমান্তরালভাবে সমগ্র দেশের প্রায় ৭৫ টি স্থানে একই সময়ে এই প্রকল্পের উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয় । ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে দিল্লীতে অনুষ্ঠিত কার্যসূচীর সংগে জড়িত হওয়া অঞ্চলগুলিতে নতুন নাবালক গ্রাহকরা যোগদান করা সহ তাদেরকে প্রাণ সদস্যপদ বিতরণ করা হয় । এই প্রকল্পের মাধ্যমে অভিবাকদের পেন্সন একাউন্টে বিনিয়োগের মাধ্যমে সন্তানের ভবিষ্যত সুরক্ষার সুবিধা প্রদান করা হবে । এছাড়া এই প্রকল্পের মাধ্যমে অভিভাবকদের সন্তানের নামে বছরে এক হাজার টাকা করে বিনিয়োগ করতে পারবেন । কেন্দ্রীয় সরকার এন পি এস বাৎসল্য প্রকল্পের মাধ্যমে সকলের জন্য দীর্ঘমেয়াদী অর্থ পরিকল্পনা ও নিরাপত্তার প্রতি থাকা তাদের দায়বদ্ধতা প্রকাশ করেছে ।

-------------------------------------------------------------------------------------

আসামে অরুণোদয় প্রকল্পের তৃতীয় পর্যায়ে এবং অতিরিক্ত রেশন কার্ড প্রদানের ব্যবস্থা আগামীকাল আরম্ভ হবে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আগামীকাল বেলা এগারোটায় মাজুলিতে এই কার্যসূচীর আনুষ্ঠানিক সূচনা করবেন । এদিকে করিমগঞ্জের নীলমণি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে অরুণোদয় প্রকল্পের তৃতীয় পর্যায়ের সূচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । মুখ্যমন্ত্রী ডঃ শর্মা ভার্চুয়াল ব্যবস্থায় করিমগঞ্জ জেলায় এই প্রকল্পের সূচনা করবেন । করিমগঞ্জের জেলা প্রশাসন উত্তর করিমগঞ্জ এলাকার এই প্রকল্পের হিতাধিকারীদের শহরের আগামীকালের এই অনুষ্ঠানে উপস্থিত

থাকার আহ্বান জানিয়েছেন। গোলাঘাট জেলায়ও গোলাঘাট শহরের জেনারেল ফিল্ডে আগামীকাল এই কার্যসূচির সূচনা করা হবে।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দির দুটি বিধানসভা আসনে ও আগামীকাল থেকে অরুনোদয় তৃতীয় পর্যায়ের হিতাধীকারীর বাছাই পর্ব অভিযান শুরু হবে ।এ উপলক্ষে জেলা প্রশাসনের উদ্যোগে দুটি পৃথক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।হাইলাকান্দি বিধানসভা কেন্দ্রের অনুষ্ঠানটি শহরের এস এস কলেজের খেলার মাঠে অনুষ্ঠিত হবে । এছাড়া আলগাপুর - কাটলীছড়া বিধানসভা কেন্দ্রের অনুষ্ঠানটি বোয়ালিপারের ড: শশীভূষণ ইনষ্টিটিউট অফ এডুকেশন এর মাঠে অনুষ্ঠিত হবে ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদ সিবিএসই আগামী ডিসেম্বর মাসে সি টেট অনুষ্ঠিত করার কথা ঘোষনা করেছে । এসম্পর্কে পর্ষদের জারি করা নির্দেশনা অনুযায়ী সি টেটের জন্য ইতিমধ্যে ১৭ সেপ্টেম্বর  থেকে অনলাইন আবেদন প্রক্রিয়া আরম্ভ হয়েছে । আবেদন করার শেষ দিন হচ্ছে আগামী ১৬ ই  অক্টোবর । আবেদনকারী প্রার্থীদের আগামী ১৬ অক্টোবর বেলা ১২ টার আগে নির্ধারিত মাশুল জমা দিতে হবে । উল্লেখ্য রাজ্য সরকার আসাম টেট পরীক্ষা অনুষ্ঠিত না করার পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদের আয়োজন করা সি টেটের গুরুত্ব বৃদ্ধি পেয়েছে ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার মণিপুরে পুনরায় শান্তি স্থাপনের জন্য গত ১০০ দিনে বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করেছে ।কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রনালয় সূত্রে জানানো হয়েছে যে রাজ্যে কেন্দ্রীয় সংরক্ষিত  পুলিশ বাহিনীর দুটি বেটেলিয়ন ও কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনীর ২০০ কোম্পানী নিয়োগ করা হয়েছে । কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ নিয়মিতভাবে রাজ্যের নিরাপত্তা ব্যবস্থার পর্যালোচনা করা সহ যাবতীয় ব্যবস্থা খতিয়ে দেখছেন বলে জানানো হয়েছে ।সরকার ভারত মায়ানমার সীমান্তে মুক্ত গতিবিধি বন্ধ করে দিয়েছে ।এছাড়া নিরাপত্তা ব্যবস্থা সংক্রান্ত কেবিনেট কমিটি ভারত ও মায়ানমারের মধ্যে এক হাজার ৬১০ কিলোমিটার দীর্ঘ আন্তজাতিক সীমান্তে বেড়া ও সড়ক নির্মানে অনুমোদন জানিয়েছে ।

---------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার তিন জেলার পঞ্চায়েত এলাকা পুর্ননির্ধা রণ সংক্রান্ত খসড়া গতকাল প্রকাশ করা হয়েছে। এর আওতায় করিমগঞ্জ জেলার চারটি বিধানসভা কেন্দ্রের অর্ন্তগত গ্রাম পঞ্চায়েত, আঞ্চলিক পঞ্চায়েত ও জেলা পরিষদের নির্বাচনী এলাকা পুর্ননির্ধারণ

সংক্রান্ত খসড়া গতকাল প্রকাশ করা হয়েছে । করিমগঞ্জের জেলা পরিষদ কার্যালয়ের সভাকক্ষে আয়োজিত সাংবাদিক সম্মেলনে করিমগঞ্জের আয়ুক্ত মৃদুল যাদব ও জেলা পরিষদের মুখ্য কার্যবাহী আধিকারিক লক্ষ্মীনন্দন শহরিয়া এই খসড়াটি প্রকাশ করেন । এতে জানানো হয়েছে যে- উত্তর করিমগঞ্জ বিধানসভা কেন্দ্রের অর্ন্তগত উত্তর করিমগঞ্জ উন্নয়ন খন্ডে ১১টি গাঁওপঞ্চায়েত, একটি আঞ্চলিক পঞ্চায়েত এবং জেলা পরিষদের দুটি আসন রয়েছে । ঐ বিধানসভার বদরপুর উন্নয়ন খন্ডে দশটি গাঁও পঞ্চায়েত, একটি আঞ্চলিক পঞ্চায়েত এবং জেলা পরিষদের দুটি আসন রয়েছে । দক্ষিণ করিমগঞ্জ বিধানসভা কেন্দ্রের এক নম্বর উন্নয়ন খন্ডে বারোটি গাঁও পঞ্চায়েত, একটি আঞ্চলিক পঞ্চায়েত ও দুটি জেলা পরিষদ রয়েছে । দুনম্বর উন্নয়ন খন্ডে ১৫টি গাঁও পঞ্চায়েত, একটি আঞ্চলিক পঞ্চায়েত ও দুটি জেলা পরিষদ রয়েছে । অনুরূপভাবে পাথারকান্দি বিধানসভা কেন্দ্রের পাথারকান্দি উন্নয়ন খন্ডে বারোটি গাঁও পঞ্চায়েত, একটি আঞ্চলিক পঞ্চায়েত ও দুটি জেলা পরিষদ এবং লোয়াইরপোয়া উন্নয়ন খন্ডে বারোটি গাঁওপঞ্চায়েত, একটি আঞ্চলিক পঞ্চায়েত এবং দুটি জেলাপরিষদ আসন রয়েছে । এছাড়া রামকৃষ্ণ নগর বিধানসভা কেন্দ্রের রামকৃষ্ণ নগর উন্নয়ন খন্ডে ১২টি জি পি, ১টি এ পি এবং দুটি জেলা পরিষদ রাখা হয়েছে । দুল্লভছড়া উন্নয়নখন্ডেও ১৩টি জি পি, ১টি এ পি এবং দুটি জেলা পরিষদ রাখা হয়েছে । করিমগঞ্জ জেলায় মোট ৯৬টি জি পি, ৮টি এ পি এবং এবং ১৬টি জেলা পরিষদ রাখা হয়েছে । ঐ খসড়া তালিকা জেলার সব গ্রাম পঞ্চায়েত কার্যালয়, উন্নয়ন খণ্ড কার্যালয়, রাজস্ব চক্র কার্যালয়, নির্বাচনী কার্যালয়, জেলা পরিষদ কার্যালয় ও জেলার ওয়েব সাইটে পাওয়া যাবে ।

------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার আটটি জেলাপরিষদ আসন, পাঁচটি আঞ্চলিক পঞ্চায়েত আসন এবং ৬২টি গাঁও পঞ্চায়েত নিয়ে হাইলাকান্দির জেলার নির্বাচনী পঞ্চায়েত এলাকা পুর্ননির্ধারণ সংক্রান্ত খসড়া গতকাল প্রকাশ করা হয়েছে । জেলার নির্বাচনী এলাকা পুর্ননির্ধারণ কমিশনের সভাপতি ও জেলা আয়ুক্ত নিসার্গ হিভারে গৌতম এক সাংবাদিক সম্মেলনে এই খসড়া প্রকাশ করেন । এই খসড়া অনুযায়ী হাইলাকান্দি বিধানসভা কেন্দ্রের আওতায় চারটি জেলা পরিষদ আসন এবং আলগাপুর-কাটলীছড়া বিধানসভা কেন্দ্রের আওতায় আরো চারটি জেলা পরিষদ আসন রাখা হয়েছে । হাইলাকান্দি বিধানসভা আসনের অন্তর্গত জেলা পরিষদ আসনগুলি হল--কাটলীছড়া, বরুণছড়া-বিলাইপুর, রাজ্যেশ্বরপুর এবং কালীনগর । আলগাপুর-কাটলীছড়া বিধানসভা আসনের অধীন জেলা পরিষদগুলি হচ্ছে-- দক্ষিণ হাইলাকান্দি, রামচন্ডী, বাউয়ারঘাট-রাঙ্গাউটি এবং আলগাপুর । এই খসড়া সম্পর্কে যাবতীয় পরামর্শ ও আপত্তি আগামী শুক্রবার

পর্যন্ত দাখিল করা যাবে। এর আগে আগামীকাল সব স্বীকৃত রাজনৈতিক দলের সঙ্গে এনিয়ে বৈঠক করা হবে । আগামী রবিবার সবধরণের রেপ্রেজেন্টেশন, সুপারিশ, আপত্তি ইত্যাদি বাছাই করা হবে । এরপর আগামী ২৩শে সেপ্টেম্বর থেকে ২৫শে সেপ্টেম্বর পর্যন্ত জেলাভিত্তিক বিধানসভা কেন্দ্র অনুসারে শুনানি অনুষ্ঠিত হবে । ২৬শে সেপ্টেম্বর এসংক্রান্ত পরিবর্তনগুলি নিয়ে কাজ করা হবে । ২৭শে সেপ্টেম্বর চূড়ান্ত বিজ্ঞপ্তি জারির দিন ধার্য করা হবে ।

---------------------------------------------------------------------------------------

এদিকে কাছাড় জেলার বড়খলা বিধানসভা কেন্দ্রে ৩০টি জি পি, দুটি এ পি এবং চারটি জেলা পরিষদ, ধলাই বিধানসভা কেন্দ্রে ৩০টি জি পি, ৩টি এ পি এবং চারটি জেলা পরিষদ, কাটিগড়া বিধানসভা কেন্দ্রে ২৬টি জি পি, দুটি এ পি এবং চারটি জেলা পরিষদ রয়েছে । এদিকে লক্ষ্মীপুর বিধানসভা এলাকায় ৩১টি জি পি, ৩টি এ পি এবং চারটি জেলা পরিষদ, সোনাই বিধানসভা কেন্দ্রে ১৮টি জি পি, ৪টি এ পি এবং চারটি জেলা পরিষদ, শিলচর বিধানসভা কেন্দ্রে ৫ই জি পি, ১টি এ পি এবং একটি জেলা পরিষদ রয়েছে । এছাড়া উধারবন্দ বিধানসভা কেন্দ্রে ২২টি জি পি, ২টি এ পি এবং চারটি জেলা পরিষদ, আলগাপুর বিধানসভা কেন্দ্রে একটি আঞ্চলিক পঞ্চায়েত কাছাড় জেলায় রয়েছে ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার ঐতিহ্যবাহী শ্রীকিষান সারদা কলেজ ৭৫ বছরে পদাপর্ন করেছে । আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন যে ৭৫ বছর পূর্তি উপলক্ষ্যে আজ কলেজ প্রাঙ্গন থেকে একটি বিশাল শোভাযাত্রা বের হয়ে শহর পরিক্রমা করে । আজকের শোভাযাত্রায় কলেজের ইতিহাস , সফলতা , দেশের কৃষ্টি সংস্কৃতি এবং কলেজের ভবিষ্যৎ পরিকল্পনা তুলে ধরা হয়েছে । কলেজের প্ল্যাটিনাম জয়ন্তী উদযাপন উপলক্ষ্যে কলেজ অধ্যক্ষ হিলাল উদ্দিন লস্কর জানান যে আজ ও আগামীকাল বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা ছাড়াও বছরব্যাপী বিভিন্ন কার্য্যসূচীর আয়োজন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------